

Publication & Date: NEWZ - BANGLA (04.05.2011)

Page Number: 5

Head Line: Neuro - Patient Cured Through Advanced Operation.

NEWZ BANGLA বুধবার ৪ মে ২০১১

আধুনিক অস্ত্রোপচারে সুস্থ স্নায়ু-রোগে আক্রান্ত রোগী

নিজস্ব প্রতিনিধি- স্নায়ুজনিত অসুখ পারকিনসনিজমে আক্রান্ত এক ব্যক্তিকে 'ডিপব্রেন লিসেনিং' পদ্ধতির সাহায্যে অস্ত্রোপচার করে সুস্থ করে তোলা হল মেডিকা সুপার স্পেশালিটি হাসপাতালে। মঙ্গলবার শহরের এই বেসরকারি হাসপাতালে অভিনব 'ডিপব্রেন লিসেনিং' পদ্ধতির সাহায্যে মাথায় ২ মিলিমিটার আকারের ছিদ্র করে সফল অস্ত্রোপচারটি করা হয়।

ঘটনার সূত্রপাত বেশ কয়েক বছর আগে। অনন্ত দাস (৫৩) দীর্ঘ কয়েক বছর ধরে স্নায়ুজনিত অসুখে ভুগছিলেন। এই অসুখের প্রভাবে তার হাত দুটি মাঝে মাঝেই কর্মদক্ষতা হারিয়ে ফেলত। এই রোগে প্রয়োজনীয় ওষুধ চললেও হঠাৎই ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিতে শুরু করে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, স্নায়ুরোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডাঃ টিপু আজিজ রোগীকে পরীক্ষা করে বুঝতে পারেন, কেবলমাত্র অস্ত্রোপচারের সাহায্যেই এই অসুখের নিরাময় সম্ভব। মস্তিষ্কের সপথ্যালমিক নিউক্লিয়াসকে ইলেকট্রিক বা তড়িৎপ্রবাহের সাহায্যে নষ্ট করে দিতে পারলে এই রোগ সারানো যায়। এর পরই অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেওয়া হয়। এই প্রসঙ্গে হাসপাতালের কনসালট্যান্ট নিউরো সার্জেন ডাঃ কৌশিক শীল বলেন, মাথায় ছোট একটি ছিদ্র করে তার মাধ্যমে তড়িৎবাহী তার পাঠিয়ে সপথ্যালমিক নিউক্লিয়াসটি নষ্ট করা হয়।

প্রায় ২ ঘণ্টার এই অস্ত্রোপচারটি সরাসরি ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেখানো হয়। হাসপাতালের দাবি, পূর্ব ভারতে তারাই প্রথম এই পদ্ধতিতে অস্ত্রোপচার করেছে। এই নিয়ে দ্বিতীয়বার এই ধরনের অস্ত্রোপচার করা হল এখানে। বর্তমানে রোগী সুস্থ রয়েছেন। অ্যানাসথেসিস্ট সহ পাঁচজনের একটি চিকিৎসকদল পুরো অস্ত্রোপচারটি করে। স্নায়ুরোগ বিশেষজ্ঞ ডাঃ এল এন ত্রিপাঠি, ডাঃ সুনন্দন বসু, অধ্যাপক ডাঃ টিপু আজিজ ও ডাঃ দীপঙ্কর নন্দীর তত্ত্বাবধানে অস্ত্রোপচারটি সম্পন্ন হয়।